

৭ জুন

যশোরে বহু কলেজে ভর্তি কোটা পূরণ হবে না

যশোর-ব্যুরো

৭টি শিকা বোর্ডের মধ্যে এবার যশোর বোর্ডে সর্বাধিক ৬০ দফামিক ৮৭ শতাংশ এসএসসি পরীক্ষার্থী কৃতকার্য হলেও বহু কলেজে ছাত্র সংকটে পড়বে। মফস্বলের অনেক কলেজে ভর্তি কোটা পূরণ হবে না বলে আশংকা করা হচ্ছে। আবার শহর অঞ্চলের নানিদ্দামি কলেজগুলোতে ছাত্রছাত্রীদের ভর্তি হতে হবে তুফুল প্রতিযোগিতার মাধ্যমে। যশোর শিকা বোর্ডের আওতাধীন দুদনা বিভাগের ১০ কলেজে মোট ৪৮৭টি কলেজ রয়েছে। এর মধ্যে সরকারি কলেজের সংখ্যা মাত্র ৩১টি। বোর্ডের নিয়মানুযায়ী, কলেজের প্রতিটি শাখায় ১৫০ জন ছাত্রছাত্রী ভর্তি হওয়ার সুযোগ রয়েছে। এ হিসাব মতে, একটি কলেজে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগে মোট ৪৫০ জন ছাত্রছাত্রী ভর্তি হতে পারবে। তবে যেসব কলেজে একই

বিভাগে একাধিক শাখা রয়েছে সেখানে সর্বোচ্চ ৮-৯শ' শিক্ষার্থীর ভর্তি হওয়ার সুযোগ রয়েছে। যশোর শিকা বোর্ডের অধীনে এমন কলেজের সংখ্যা হ্রাস হতেগোনা কয়েকটি রয়েছে। জনতা বঙ্কর এ শিকা বোর্ড থেকে ৭১ হাজার ১শ' জন এসএসসি পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। এর মধ্যে ডিপিএ-৫ পেয়েছে ২ হাজার ৩২৯ জন। এ হিসাব অনুযায়ী, যশোর বোর্ডের প্রতিটি কলেজে গড়ে ১৪৬ জন ছাত্রছাত্রী ভর্তি হওয়ার কথা। এছাড়া ডিপিএ-৫ প্রাপ্ত মাত্র ৫ জন গড়ে এসব কলেজ পাওয়ার কথা। কিন্তু বাস্তব অবস্থা হচ্ছে, শহরকেন্দ্রিক কয়েকটি নানিদ্দামি কলেজে শিক্ষার্থীদের ভর্তির আগ্রহ বেশি থাকায় মফস্বলের কলেজগুলো মেধাবী ছাত্রছাত্রী পাচ্ছে না। এমনকি অনেক কলেজে ভর্তি কোটাও পূরণ করতে পারবে না। এ আশংকার কথা মাথায় রেখে মফস্বলের অনেক কলেজে ছাত্র সংগ্রহের

জন্য এখন থেকেই তৎপর হয়ে উঠেছে। এমন কলেজ কর্তৃপক্ষ নানা সুযোগ-সুবিধার বিনিময়ে ছাত্রছাত্রীদের টানার চেষ্টা করছে। যশোর শিকা বোর্ডের অধীনে যশোর জেলায় ৯৪, দুদনা ৯০, কুষ্টিয়ায় ৬০, ঝিনাইদহে ৫৪, বাগেরহাট ৩৯, সাতক্ষীরায় ৩১, মাগুরায় ২৮, নড়াইলে ২২, চুয়াডাঙ্গায় ১৯ ও মেহেরপুরে ১৭টি কলেজ রয়েছে। এর মধ্যে নাবকরা কলেজে রয়েছে সর্বোচ্চ ৫০টি। এসব কলেজে ভর্তি কোটা পূর্ণ হলেও অন্যান্য শিকা প্রতিষ্ঠানের তা সম্ভব হবে বলে অনেকেই মনে করছেন। এ ব্যাপারে যশোর শিকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর আবীরুল আলম খান জানান, ছাত্রছাত্রী ভর্তি ব্যাপারে কলেজগুলো খুব একটা সমস্যায় পড়বে না। তিনি যশোর বোর্ডে এবার পাসের হার বাড়ানোর প্রকাশ করলেও কলেজগুলো আসনসংখ্যা স্বাভাবিক থাকবে বলে জানান।